


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১২ ফাল্গুন ১৪২৫/ ২৪ ফেব্রুয়ারি ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.২২ - সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, গত ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বুধবার রাতে রাজধানীর চকবাজারের নন্দকুমার দত্ত রোড ও চুরিহাটা শাহী জামে মসজিদ রোড এলাকায় ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় মর্মান্তিকভাবে নিহতদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা প্রকাশের লক্ষ্যে আগামী ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ সোমবার ০১ (এক) দিনের রাষ্ট্রীয় শোক পালিত হবে। উক্ত দিবসে বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



ড. মোঃ শামসুল আরেফিন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে